

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০৭৪

কৈলাসহর, ১৭ মার্চ, ২০২৩

২০-২৮ মার্চ উনকোটি জেলায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান

আগামী ২০ থেকে ২৮ মার্চ পর্যন্ত উনকোটি জেলায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান অনুষ্ঠিত হবে। এই অভিযানে শূন্য থেকে ১৯ বছর বয়স পর্যন্ত শিশু ও কিশোর কিশোরীদের বিভিন্ন ঔষধ এবং প্রতিষেধক ডোজ খাওয়ানো হবে। গতকাল মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের নোডাল অফিসার ডা. অয়ন রায় এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ২০ থেকে ২৪ মার্চ পর্যন্ত জেলার বিভিন্ন স্কুল এবং ২৫ থেকে ২৮ মার্চ পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে এই ঔষধ এবং ডোজ খাওয়ানো হবে। জেলায় প্রায় ৮০ হাজার শিশু ও কিশোর কিশোরীদের এই অভিযানের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে ডা. সন্দীপন ভট্টাচার্য এবং জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি কার্তিক দেববর্মা উপস্থিত ছিলেন।
